



সকাতরে ওই কাঁদিহে সকলে, শোনো শোনো পিতা ।
কহো কানে কানে, শুনাও প্রাণে প্রাণে মঙ্গলবারতা ॥
ক্ষুদ্র আশা নিয়ে রয়েছে বাঁচিয়ে, সদাই ভাবনা ।
যা-কিছু পায় হারায়ে যায়, না মানে সান্ত্বনা ॥
সুখ-আশে দিশে দিশে বেড়ায় কাতরে—
মরীচিকা ধরিতে চায় এ মরুপ্তান্তরে ॥
ফুরায় বেলা, ফুরায় খেলা, সন্ধ্যা হয়ে আসে—
কাঁদে তখন আকুল-মন, কাঁপে তরাসে ॥
কী হবে গতি, বিশ্বপতি, শান্তি কোথা আছে—
তোমারে দাও, আশা পূরাও, তুমি এসো কাছে ॥

বড়দিনের
শুভেচ্ছা



অ্যাসোসিয়েশন
সংবাদ-২৯৩

ASSOCIATION SAMBAD DECEMBER 2025

সম্পাদকের ডেক্স থেকে

অনিবার্য কারণ বশতঃ দুই মাস আমরা অ্যাসোসিয়েশন সংবাদ প্রকাশ করতে পারিনি। ডিসেম্বর সংখ্যা প্রকাশেও সামান্য দেরি হয়ে গেল। কিন্তু আশা করছি এরপর থেকে নিয়মিত প্রকাশ করা সম্ভব হবে। নভেম্বরের ১৪-১৬ই তারিখ মাণি হাউসের বিপরীতে মেঘদূত অ্যাস্ফিথিয়োটারে আয়োজন করা হল বিশ্ব সঙ্গীত মহাসম্মেলনের। দ্বিতীয়বারের মতো। এবারের উৎসবের প্রথমদিনটি উৎসর্গ করা হয়েছিল নৃত্যসন্ধাট উদয়শক্তকে। উদ্বোধনে দিল্লির বাংলা স্কুলের ছেলেমেয়েরা গেয়ে গেঠে, ‘আনন্দলোকে মঙ্গললোকে’। গুরু সন্তোষ নায়ার এবং বিদ্যু পলি গুহর পরিচালনায় বাচ্চারা নৃত্য পরিবেশন করে। বিদ্যু কবিতা দ্বিবেদীর নির্দেশনায় ভারতীয় ও ভেনিজুয়েলান নৃত্যর ফিউশন পরিবেশিত হয়। আর এ ছাড়া ছিল ভারতীয় তেঁটি ধ্রুপদী নৃত্য এবং হাতি লোকনৃত্যের একটি ফিউশন। অংশ নিয়েছিলেন শ্রেয়া গুহ মজুমদার, শৈলী চ্যাটার্জি, আব্দুল খালিদ, মানসী দত্ত, সেঁজুতি গুহ, জীবলতা, আকাশ, ময়ুখ ও প্রমা। আসামের ছেলেমেয়েরা পরিবেশন করে বিহু নৃত্যের। উদ্বোধনী অনুষ্ঠানে বেঙ্গল অ্যাসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষক শ্রী সঞ্জীব সান্যাল, সভাপতি ডঃ সজল মিত্র, চারজন সহ সভাপতি শ্রী দেবাশিস ভৌমিক, শ্রী মণাল বিশ্বাস, ডঃ তপন মুখার্জি এবং শ্রীমতী আরাধনা জানা, সাধারণ সম্পাদক শ্রী সৌরাংশু সিংহ, অতিরিক্ত সাধারণ সম্পাদক শ্রী রাহুল মুখার্জি ও কোষাধ্যক্ষ শ্রী গৌরপদ সরকারের সঙ্গে উপস্থিত ছিলেন বিদ্যু মণ্ডু শ্রী চ্যাটার্জি, পণ্ডিত কিষেগ মোহন মহারাজ, গুরু সন্তোষ নায়ার, গুরু পলি গুহ, গুরু গ্রিলোচন মহান্ত এবং বিদ্যু কবিতা দ্বিবেদী।

দ্বিতীয় দিনটি উৎসর্গীকৃত ছিল পণ্ডিত ছফ্টলাল মিশ্রকে। অর্চিশা বসুর জ্যাজ সঙ্গীত দিয়ে দিনটি শুরু হয়। বনিতা বৈদ্যের নেতৃত্বে কেরালার চেন্দা ড্রামার্সরা তাঁদের অনুষ্ঠান পরিবেশন করেন। এই দিনের বিশেষ আকর্ষণ ছিল রাশিয়ান কালচালার সেন্টার আমন্ত্রিত লোকসঙ্গীত শিল্পীদের সঙ্গীত ও নৃত্য। এছাড়াও সঙ্গীত পরিবেশন করে মিস্টিক স্বর্ণা দল এবং দিনটি শেষ হয় হসেন ভাতাদের কাওয়ালির মাধ্যমে। তৃতীয় দিনটি উৎসর্গ করা হয়েছিল তবলা সন্ধাট পণ্ডিত চতুরলালকে। তালবাদ্যের একটি ফিউশন পরিবেশিত হয় সেদিন। তবলায় ছিলেন শ্রী শমীন্দ্রনাথ সান্যাল, শ্রী অসীম দাস, শ্রী নীলাঞ্জন সেনগুপ্ত, খোলে শ্রী চন্দন পাণ্ডা, দোলে খোকন দাস এবং খমক ও কাঞ্জিরায় ছিলেন শ্রী বামাপ্রসাদ সিংহ। সঙ্গতে সারেঙ্গীতে ছিলেন হামজা আলি। শ্রীমতী বিদিশা রায় দাসের ফুটপ্রিন্ট ফিল্মসের ব্যবস্থাপনায় এবং শ্রী জগন্নাথ রায়ের তত্ত্বাবধানে দিল্লির সরকারি স্কুলের ছাত্রছাত্রীরা মনোমুগ্ধকর সঙ্গীত পরিবেশন করে। হাঙ্গেরিয়ান সাংস্কৃতিক কেন্দ্র মিস গ্যারিয়েলার পরিচালনায় পরিবেশন করে কয়ার সঙ্গীতের।

শ্রীমতী সুকৃতি সেন পরিবেশন করেন শান্তীয় সঙ্গীত, সঙ্গে তবলায় সঙ্গত করেন শ্রী শঙ্কু ভট্টাচার্য। শেষে বাংলার দশ জেলা থেকে দশ বাউল খৈবর ফকির, দিগিশ বাউল এবং বামাপ্রসাদের নেতৃত্বে পরিবেশন করে বাউল মিলন সঙ্গীত। এই উৎসবে বেঙ্গল অ্যাসোসিয়েশন থেকে সম্মানিত করা হয় বিদুষী মঞ্জুশ্রী চ্যাটার্জি, পণ্ডিত কিষেণ মোহন মহারাজ, গুরু পলি গুহ, গুরু সন্তোষ নায়ার, গুরু ত্রিলোচন মহান্ত, বিদুষী কবিতা দ্বিবেদী, বিদুষী কৃষণ বিস্ত, পদ্মশ্রী বিদুষী সুমিত্রা গুহ, পণ্ডিত কে এল পণ্ডিত, শ্রী কাজল ঘোষ, শ্রী অজয় রিখিরাম, ডঃ সুমিতা চক্রবর্তী, পণ্ডিত অনুপ ঘোষ, পণ্ডিত গোবিন্দ চক্রবর্তী, পণ্ডিত প্রাণশু চতুরলাল, বিদুষী ভাস্তী মিশ্র, বিদুষী উমা গর্গ, পণ্ডিত ভারত ভূষণ এবং গৌরি মিশ্রকে। গতবছরের মতো এবারেও বিশ্ব সঙ্গীত মহাসম্মেলনের চেয়ারপার্সন ছিলেন গুরু শাশ্বতী সেন। তাঁর এবং আমাদের প্রধান পৃষ্ঠপোষক শ্রী সঞ্জীব সান্ধ্যালের সুপরামশ এবং সর্বপ্রকার সহায়তার জন্য বেঙ্গল অ্যাসোসিয়েশন কৃতজ্ঞ। সমগ্র অনুষ্ঠানটির মিডিয়া পার্টনার ছিল ডিএনএ মিডিয়া ও এন্টারটেনমেন্ট। বিশ্ব সঙ্গীত মহাসম্মেলন পরিচালনার দায়িত্বে ছিলেন শ্রীমতী ভাস্তী গোস্বামী, শ্রীমতী জাহানারা রায়চৌধুরী, শ্রীমতী তপস্যা ব্যানার্জি এবং শ্রী প্রাস্তিক বসু। উৎসবের থিম মিউজিক তৈরি করেছিলেন শ্রী সৌরশান্ত বিশ্বাস।

গত ২২শে নভেম্বর, ২০২৫ মুক্তধারা বুক গ্যালারিতে দিগঙ্গন ৫০ সংকলনটির একটি পর্যালোচনার আয়োজন করেছিল সাহিত্য কমিটি। সমগ্র অনুষ্ঠানটি বেঙ্গল অ্যাসোসিয়েশনের ইউটিউব চ্যানেলে উপলব্ধ রয়েছে।

গত ২৯শে নভেম্বর, ২০২৫ মুক্তধারা বেসমেন্টে আয়োজিত হল দ্বিতীয় জয়স্তী অধিকারী স্মারক বক্তৃতা। বক্তা ছিলেন অধ্যাপক ধীরাজ মোহন ব্যানার্জি। বিষয় অস্তিত্বের সক্ষেত্রে পৃথিবী। অসাধারণ এক অভিজ্ঞতা হল উপস্থিত শ্রেতাদের। ২৯শে নভেম্বর, ২০২৫ এই বেঙ্গল অ্যাসোসিয়েশন ও ম্যাস্ক হেলথকেয়ারের যৌথ উদ্যোগে দিলশাদ গার্ডেনের পূর্বদিঙ্গি কালীবাড়ির ব্যবস্থাপনায় আয়োজিত হল ৩য় সিপিআর ক্যাম্প। গত দুটি সিপিআর ক্যাম্পের ব্যবস্থাপনা করেছিল কালকাজীতে কাত্যায়নী ট্রাস্ট এবং বসুন্ধরা এনক্লেভে বেঙ্গল ওয়েলফেয়ার অ্যান্ড কালচারাল অ্যাসোসিয়েশন, বসুন্ধরা এনক্লেভ।

গত ৬ই ডিসেম্বর, ২০২৫ মুক্তধারা অডিটোরিয়ামে বেঙ্গল অ্যাসোসিয়েশন আয়োজন করল প্রখ্যাত নাট্যকার বাদল সরকারের শতবর্ষ। এই আয়োজনে সুদূর চেনাই থেকে শ্রী আমশন কুমার নিয়ে এসেছিলেন বাদল সরকারের উপর তৈরি তাঁর তথ্যচিত্র, তাঁর সঙ্গে কথোপকথনে ছিলেন শ্রীমতী কৌশিকী দেব। বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব শ্রী প্রবীর গুহ বিমানবিভাবে এই অনুষ্ঠানে আসতে পারেননি। তাঁর একটি ভিডিও বক্তব্য দেখানো হয় উৎসবে। নাট্যবিদ শ্রী এম কে রায়নার সঙ্গে বাদল সরকারের

প্রভাব নিয়ে আলোচনা করেন শ্রী শমীক রায়। এছাড়া থিরেটারওয়ালা, সৃজনী সোশিও কালচারাল অ্যাসোসিয়েশন এবং পিপলস থিরেটার গ্রুপ বাদল সরকারের নাটকের অংশবিশেষ পরিবেশন করল এবং তাদের নির্দেশকত্রী অয়ন ব্যানার্জি, ডঃ অভিজিৎ ব্যানার্জি এবং নিলয় রায় তাঁদের নিজস্ব দৃষ্টিভঙ্গি দর্শকদের কাছে নিয়ে এলেন। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করলেন ভীম্বৰত ভট্টাচার্য এবং ইন্দ্রাণী দত্ত। সম্মাননা জানানো হল চারজন বিশিষ্ট নাট্যবিভিন্নদের, যাঁরা অতীতে বাদল সরকারের নাটক অভিনয় করেছেন। তাঁরা হলেন রবীন্দ্রনাথ ভট্টাচার্য, দেবাশিস গুপ্ত, শামু গাঙ্গুলী এবং কাবেরী গাঙ্গুলী। এই উৎসবের সোশাল মিডিয়া পার্টনার ছিল লাইফ ‘ন লিভিং স্পেশাল-ট্যালেন্ট আনপ্লাগড।’

আগামী ২৮শে ডিসেম্বর, ২০২৫ গুরুব্রাম সেক্টর ৯ কম্যুনিটি সেন্টারে বেঙ্গল অ্যাসোশিয়েশনের গুরুব্রাম চ্যাপ্টার গুড়গাঁও বেঙ্গল অ্যাসোসিয়েশনের ব্যবস্থাপনায় আয়োজন করছে চতুর্থ সিপিআর ক্যাম্পে। গত তিনিটি ক্যাম্পে প্রায় ২৫০ জনকে বেসিক লাইফ সাপোর্টের প্রশিক্ষণ দেওয়া সম্ভব হয়েছে। আশা করা হচ্ছে এই অর্থনৈতিক বছরে সব মিলিয়ে ৫০০ জনকে এই সিপিআর প্রয়োগের প্রশিক্ষণ দেওয়া সম্ভব হবে।

আগামী ২৭শে, ২৮শে ডিসেম্বর, ২০২৫ এবং তৃতীয় ও ৪ঠা জানুয়ারি, ২০২৬ বেঙ্গল অ্যাসোসিয়েশনের নাট্যবিভাগ আয়োজন করছে একটি থিরেটার কর্মশালার। ৭ম থেকে ৯ম শ্রেণির ছাত্রছাত্রীদের জন্য। মুক্তধারায়।

আগামী ১৭ই জানুয়ারি, ২০২৬ বেঙ্গল অ্যাসোসিয়েশন মুক্তধারা অডিটোরিয়ামে আয়োজন করছে অভিনেতা সন্তোষ দত্তের শতবর্ষ উৎসবের, ‘শতকে সন্তোষ।’ দেখানো হবে সন্তোষ দত্ত অভিনীত চলচিত্র, গোপাল ভাঁড়, গুপ্তি গাহন বাঘা বাহন এবং জয় বাবা ফেলুনাথ চলচিত্র তিনিটি।

বেঙ্গল অ্যাসোসিয়েশন আগামী দিনে দিল্লির বাংলা স্কুলগুলিকে নিয়ে বেশ কিছু কর্মসূচি নিয়েছে। আশা করা যায় যে সেগুলি সফল হলে দিল্লি ও পার্শ্ববর্তী অঞ্চলে পরবর্তী প্রজন্মের মধ্যে বাংলা চর্চাকে আরও অনেকটা এগিয়ে নিয়ে যাওয়া যাবে।

মদনপুর খাদারে বেঙ্গল অ্যাসোসিয়েশনের প্রাণিক শিশুদের জন্য পরিচালিত অঙ্কুর স্কুলের অনেকটা উন্নতি করা সম্ভব হয়েছে নিয়মিত দেখাশোনা এবং অবশ্যই সহাদয় ব্যক্তি ও সংস্থাদের অর্থসাহায্যের মাধ্যমে। শিশুদের নিরাপত্তার জন্য যেমন সিসিটিভি ক্যামেরা লাগানো হয়েছে তেমনই স্মার্ট বোর্ডের মাধ্যমে সুচারু প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। আশা করা হচ্ছে অদূর ভবিষ্যতে আরও সুখবর আপনাদের দেওয়া সম্ভব হবে।

বেঙ্গল অ্যাসোসিয়েশনের আপ্তবাতটি হল ‘বাংলায় জেগে রই’। একটি জনপ্রিয় গানের সামান্য অংশকে দিয়ে বেঙ্গল অ্যাসোসিয়েশনের সারা বছর ব্যাপী কর্মকাণ্ডকে ধরার চেষ্টা করা হয়েছে। দেখতে দেখতে মার্চ মাসের ১৯-২২শে তারিখে ২৩তম বহিমেলা এসে পড়বে এবং বাংলায় আমরা শুধু জেগে থাকব না, দিল্লির সমগ্র বঙ্গভাষীদের মধ্যে বাংলা জেগে থাকবে।

বিশেষ বার্তাঃ বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে দ্রৰ্যহীন ভাষায় প্রতিবেশী বঙ্গভাষী দেশে ধর্মীয় সংখ্যালঘু, বিশেষতঃ হিন্দু ধর্মবলপী বাঙালিদের উপর যে অত্যাচার হচ্ছে, যাতে তাদের অস্তিত্বের সংকট দেখা দিচ্ছে, প্রতিবাদ জানানো হচ্ছে। দেশের সর্বোচ্চ পদাধিকারীদের এবং সংশ্লিষ্ট প্রশাসনকে এই বিষয়ে যথাযথ ব্যবস্থা নিতে অনুরোধ করা হচ্ছে।

সহ-সংগঠনের কথা

২২শে নভেম্বর ২০২৫, দিল্লির প্রেসক্লাবে, ডি. এন. এ. মিডিয়া অ্যাণ্ড এন্টারটেইনমেন্ট এর পক্ষ থেকে ‘নারায়ণী নমস্ততে প্লোবাল এঙ্গেলেন্স অ্যাওয়ার্ড’- এর উপদেষ্টা মণ্ডলী এবং জুরিদের বিশেষ সম্মাননা প্রদান করা হল। হিন্দু বাঙালির প্রধান উৎসব দুর্গাপুজোকে, পরিবেশবান্ধব, সাজসজ্জা, মূর্তি, সামাজিক

The image consists of two parts. On the left, there is a painting of a theater stage with red seats facing a stage where five cartoon characters are peeking over a white banner. The banner reads 'DRAMA DOODLES' in large blue letters, followed by 'a 4-day production based Theatre Workshop' and 'For Class 7 to 9'. On the right, there is a dark wooden panel with event details. At the top, it says 'PRESNTS' above a logo for 'DRAMA DOODLES THEATRE WORKSHOP'. Below that, it lists three dates: '27th & 28th December, 2025 10 AM to 1 PM', '3rd January, 2026 10 AM to 1 PM', and '4th January, 2026 10 AM to 6 PM'. It also specifies the venue as 'Muktadhabra Auditorium, Gole Market, Bhai Veer Singh Marg'. At the bottom, it mentions 'Participation Fees - Rs. 500' and provides contact information: 'For details contact: Arunava Sengupta (Drama In-charge) 9868446774'.

কল্যাণ, বাহিরঙ্গে এবং প্রবাসে ঐতিহ্য ও বাঙালিয়ানার সমষ্টিয়ে এক অন্য মাত্রা দিতে সক্ষম হয়েছে নারায়ণী নমস্করণে ফ্লোাল দুর্গাপুজো এক্সেলেন্স অ্যাওয়ার্ড প্রতিযোগিতা। অনুষ্ঠানে ‘উৎসব’ পত্রিকার মোড়ক উন্মোচন করা হয়। আগামী বছরের পরিকল্পনা এবং ‘শক্তি’ সম্মান নিয়ে আলোচনা, গান, গল্প, নিছক আড়তা ও নৈশাহার যোগে অনুষ্ঠান শেষ হয়।

সংস্কৃতির কড়চা

দেশবন্ধু চিন্তরঞ্জন দাশের ১৫৫তম জন্মবার্ষিকী স্মরণে, দেশবন্ধু চিন্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটির (চিন্তরঞ্জন পার্ক) পক্ষ থেকে ২রা, ৪ঠা, ৫ই ও ৯ই নভেম্বর ২০২৫ নানা কর্মসূচীর উদ্যোগ নেওয়া হয়। দেশবন্ধু চিন্তরঞ্জন দাশের প্রতিকৃতিতে মাল্যদান, দেশবন্ধু চিন্তরঞ্জন স্মারক বক্তৃতা, ভবনস্থিত কোচিং সেটারের ছেলেমেয়েদের দেশবন্ধু চিন্তরঞ্জন দাশের ওপর রচনা প্রতিযোগিতা ও বিভিন্ন স্কুলের নবম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য দেশবন্ধু বিষয়ক ভাষণ প্রতিযোগিতার আয়োজন এই কর্মসূচীর অংশ ছিল।

‘দক্ষিণ দিল্লী কালীবাড়ি’র উদ্যোগে, ৭ই নভেম্বর থেকে ৯ই নভেম্বর ২০২৫, ‘দক্ষিণ দিল্লী কালীবাড়ি’ প্রাঙ্গণে চতুর্থ বইমেলা অনুষ্ঠিত হল। মেলার সঙ্গে সাহিত্য বিষয়ক সেমিনার, লেখকের সঙ্গে সাক্ষাৎকার ও বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন ছিল।

১লা নভেম্বর ২০২৫, বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে ‘উজান’ সঙ্গীত গোষ্ঠী তাদের রজতজয়স্তী বর্ষ উদযাপন করে। অনুষ্ঠানে উপস্থাপিত ‘বারোমাসের লোকগান’ ছিল উজানের নিজস্ব গবেষণামূলক কাজের অন্যতম আকর্ষণ। এছাড়া পদ্মশ্রী নিরঞ্জন গোস্বামীর মূকাভিনয়, সঙ্গীতজুটি মিহির বসু-বিশাখা বসুর সঙ্গীত পরিবেশনা, যিলিক মোদকের বাড়িগান, NBCA-র রবীন্দ্রসঙ্গীত, ‘বৈশালী কলাকেন্দ্র’র ডিপ্শি নৃত্য উপস্থাপনা এবং ‘সূজনী সোশিও কালচারাল অ্যাসোসিয়েশন’-এর ‘ডাকবাংলো’ নাটকটির মঞ্চায়ন হয়। অনুষ্ঠানের প্রারম্ভেই বেঙ্গল অ্যাসোসিয়েশন এবং উজানের ২৫ বছর যাত্রাপথের সঙ্গী বন্ধু-স্বজনদের হাতে স্মারক তুলে দেন সংস্থার কর্ণধার শ্রীমতী তপতী মুখার্জি।

১লা নভেম্বর ২০২৫, দ্বারকার সিসিআরটি অডিটোরিয়ামে ‘রংম থিয়েটার’-এর প্রযোজনা ‘নিষ্ঠতি’ নাটকটি মঞ্চস্থ হল। রবীন্দ্রনাথ ঠাকুরের ‘নিষ্ঠতি’ কবিতা অবলম্বনে নাট্য-রূপান্তর করেছিলেন শ্রী বিদ্যুৎ মুখার্জি এবং পরিচালনায় ছিলেন শ্রী বিবেক চ্যাটার্জি। নাটকটির সফল মঞ্চায়নে পেসুএভ সর্বতোভাবে সাহায্য করেছে।

৮ই নভেম্বর ২০২৫, প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট ও ‘গানের তরী’র যৌথ উদ্যোগে, অ্যাসোসিয়েশন সংবাদ

বঙ্গীয় সমাজ মাল্টিপারপাস হলে, শিল্পী ও অধ্যাপক শ্রীমতী রাজশ্রী ভট্টাচার্যের একক প্রয়াসে সঙ্গীতে-রন্ধনৰবী উপস্থাপিত হল। রন্ধনৰবী নাটকটির মধ্যে যে অবিরত ঘাত-প্রতিঘাত, মানবিকতার অবক্ষয়-জাগরণ এবং বিভিন্ন চরিত্রের রূপক রয়েছে, সঙ্গীত ও সংলাপের মধ্যে দিয়ে তা সুন্দরভাবে ফুটিয়ে তুলেছিলেন শিল্পী। ‘গানের তরী’ দলের সমবেত ও একক সঙ্গীত দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়েছিল। অনুষ্ঠানটি বিশিষ্ট শিক্ষাবিদ, সমাজসেবী এবং অধ্যাপক প্রয়াতা নীলা মুখোপাধ্যায়ের জন্মবার্ষিকী স্মরণে উপস্থাপিত হয়েছিল।

৮ই নভেম্বর ২০২৫, পেসুএভ-এর সহায়তায় বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে নৃত্যনাট্য ‘অন্য বসন্ত’ মঞ্চস্থ হয়। নাট্যাংশের রচনা ও পরিচালনায় ছিলেন শ্রী শুভাশীয় মুন্মী। নগরজীবনের সমস্ত অঙ্ককার, প্লান অতিক্রম করে, মানুষকে প্রকৃতির কাছে প্রত্যাবর্তনের কথা বলে নাটকটি।

৯ই এবং ১০ই নভেম্বর ২০২৫, পেসুএভের সহায়তায় ‘নবপঞ্জী নাট্য সংস্থা’ ‘রন্ধনৰবী’ পূর্ণাঙ্গ নাটক মঞ্চস্থ করে। বিপিনচন্দ্র পাল অডিটোরিয়াম এবং মুক্তধারা অডিটোরিয়ামে নাটকটির সফল মঞ্চায়ন হয়। শ্রী বিশ্বজিৎ সিনহা নাটকটির নির্দেশনা করেন।

১৪ই নভেম্বর ২০২৫, ‘ইচ্ছে বিতান’ শিশুদলটি, দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটির প্রেক্ষাগৃহে শিশুদিবস পালন করে। অনুষ্ঠানের প্রথমেই শিশুদিবসের কথা মাথায় রেখে ইচ্ছে বিতানের শিশুদের বিশেষ সংবর্ধনা জানিয়ে স্মারক ও উত্তীর্ণ প্রদান করা হয়। পরে ইচ্ছে বিতানের শিশুরা সুকুমার রায়ের ‘পাগলা দাণু’ মঞ্চস্থ করে।

১৫ই নভেম্বর ২০২৫, গুরুগ্রাম ‘আনন্দধারা’র বার্ষিক অনুষ্ঠান উপলক্ষ্যে বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে ‘গীতবিতানের পাতা থেকে’ শীর্ষক একটি মনোজ্জ্বল প্রযোজনা পরিবেশিত হয়েছিল। বিশিষ্ট শিক্ষাবিদ, অধ্যাপক ও সমাজসেবী প্রয়াতা নীলা মুখোপাধ্যায়ের স্মরণে অনুষ্ঠানটি উৎসর্গীকৃত ছিল। দুটি পর্বে সাজানো অনুষ্ঠানটির প্রথম পর্বে আনন্দধারার শিল্পীদের পরিবেশনা ও দ্বিতীয় পর্বে ছিল অতিথি শিল্পী শ্রেয়া গুহষ্ঠাকুরতার একক উপস্থাপনা। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেছিলেন আনন্দধারার কর্ণধার শ্রীমতী মহুয়া প্রামাণিক। প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট সর্বতোভাবে সাহায্যের হাত বাড়িয়ে অনুষ্ঠানটি মঞ্চস্থ করতে সাহায্য করে।

২২শে নভেম্বর ২০২৫, ‘পেসুএভ ম্যানিফেস্ট’-এর আয়োজনে বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে ‘ড্রামা সোসাইটি আকৃতি’-র প্রযোজনা ‘জনক’ এবং ‘থিয়েটারওয়ালা’ নাট্যগোষ্ঠীর নাটক ‘নয়ন কবিরের পালা’ মঞ্চস্থ হয়। নাটকদুটির নির্দেশনায় ছিলেন যথাত্মে শ্রী শৌভিক সেনগুপ্ত এবং শ্রী অয়ন ব্যানার্জি।

২২শে নভেম্বর ২০২৫, সম্পূর্ণ মহিলা দল ‘সহচরী’র উদ্যোগে চিত্তরঞ্জন পার্কের অ্যাসোসিয়েশন সংবাদ

চিন্তরঞ্জন ভবন প্রেক্ষাগৃহে মহানায়ক উত্তমকুমারের প্রাক্ জন্মশতবর্ষ উদযাপন করা হয়। সঙ্গীত, নৃত্য ও সংলাপের মাধ্যমে উত্তমকুমারের নায়ক জীবনের সেরা মুহূর্তগুলি তুলে ধরার চেষ্টা করেন সহচরীর শিল্পীরা। ‘মন দরিয়া’ সঙ্গীত গোষ্ঠীর নিবেদন অনুষ্ঠানটিকে সুন্দরতর করে তুলতে সাহায্য করে। অনুষ্ঠানটির মূল ভাবনা ও পরিচালনায় ছিলেন সহচরীর কর্ণধার শ্রীমতী শিবানী শর্মা।

২৯শে নভেম্বর ২০২৫, শ্রীরাম সেন্টার অডিটোরিয়ামে ‘সংজ্ঞাত’ সঙ্গীত গোষ্ঠী তাদের বার্ষিক অনুষ্ঠানে ‘পরাণ-সখা-বন্ধু’ প্রযোজনটি নিবেদন করে। প্রয়াত রবীন্দ্রসঙ্গীত গুরু সঞ্জয় সরকারের আদর্শে ও অনুপ্রেরণায় দলের কর্ণধার শ্রীমতী দত্তা রায় ‘সংজ্ঞাত’ কে এগিয়ে নিয়ে চলেছেন।

খোলা জানলা

আবার ক্যালেঞ্চার বদলের সময় এসে গেলো। অন্তহীন সময়কে কল্পনায় ধরে রাখার কী অসীম প্রয়াস মানুষের। আবার নতুন সূর্য উঠুক। পৃথিবীর বার্ষিকগতি ঘুরে যাক অন্য সকাল-বিকেল-সন্ধেতে। প্রাণের প্রসার হোক।

জয় হোক মানুষের

ঐ নবজাতকের

ঐ চিরজীবিতের —

বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে সকলকে নতুন বছরের শুভেচ্ছা জানাই।

**২০২৩-২৪এর বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত
অনুযায়ী আগামী ৫ বছর অর্থাৎ ২০২৯-৩০ পর্যন্ত^১
দিগন্ডনের সদস্যতা নেওয়া হবে নতুন করে।**

বিস্তারিত বিবরণের জন্য যোগাযোগ

কর্তৃণং +91 73034 00554

অ্যাসোসিয়েশন সংবাদে আপনার সংস্থার খবর প্রকাশ করতে চান?
বেঙ্গল অ্যাসোসিয়েশনের ইমেলে পাঠিয়ে দিন তিন-চার বাক্য লিখে
bengalassociation1819@gmail.com-এ^২
প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে।



*“Dedicated to serving the society
through collaborative efforts
with artists and groups to preserve, strengthen
and promote the rich diversity
of our cultural heritage”*





ଆମାର ପୁଜୋ କେମନ କାଟିଲ

ଆମି ଶ୍ରେଣୀନ ଗାଙ୍ଗୁଲୀ । ଆମି ଥାକି ନିଉ ଦିଲ୍ଲିତେ । ଆମାର ମନ ସବସମୟ ଦୁର୍ଗାପୁଜୋର ଜନ୍ୟ ଅପେକ୍ଷା କରେ ଥାକେ । ଛୋଟ ଥେକେଇ ଆମି 'ମିଲନୀ'ର ସଙ୍ଗେ ଯୁକ୍ତ । ପୁଜୋର ନାଟକେ ପ୍ରତିବାର ଆମି ଅଂଶଗ୍ରହଣ କରେ ଥାକି । ଆମାର ଦାଦୁ ମିଲନୀର ପ୍ରତିଷ୍ଠାତାଦେର ଏକଜନ ଛିଲେନ । ଏହି ପୁଜୋ ଆମାର କାହେ ଖୁବ ସ୍ପେଶ୍ୟାଲ କାରଣ ଏଥାନେ ବାଙ୍ଗଲି କାଲଚାରେର ରଙ୍ଗ ଆଛେ । ଦିଲ୍ଲିତେ ଥେକେଓ କଲକାତା ମିସ କରି ନା । ତାଇ ଆମାର କଥନୋ ବୋରିଂ ଲାଗେ ନା ।

ଏହି ବଚ୍ଚର ଆମାର ପୁଜୋତେ ଆରା ମଜା ହଲ । ଆମି ପ୍ରଥମବାର ଧୁନୁଚି ନାଚ ଶିଖିଲାମ । ନାଚ କରେ ଖୁବ ଆନନ୍ଦ ପେଯେଛି । ଢାକେର ସୁର, ଭୋଗେର ଗନ୍ଧ ଆର ସବାଇ ମିଳେ ଏକସାଥେ ସମୟ କାଟାନୋ, ପୁଜୋତେ ଏକଟା ଆଲାଦା ମଜା ଏନେ ଦିଯେଛେ । ଦିନଙ୍ଗଲୋ ଖୁବ ତାଡ଼ାତାଡ଼ି କେଟେ ଗେଲ ।

ପ୍ରତ୍ୟେକ ବଚ୍ଚରେ ମତୋ ଏହି ବଚ୍ଚରେର ପୁଜୋ ଆମାର ଜୀବନେ ଖୁବ ଆନନ୍ଦ ଏନେଛେ । ମିଲନୀ ଆମାର ଜନ୍ୟ ଫ୍ୟାମିଲିର ମତୋ । ଯଦିଓ ଆମି ଦିଲ୍ଲିତେ ଥାକି ତବୁଓ ଆମି ବାଂଲା ସଂସ୍କୃତିର ମଧ୍ୟେ ଥାକତେଇ ଭାଲୋବାସି ।

ଶ୍ରେଣୀ ଗାଙ୍ଗୁଲୀ
ନବମ ଶ୍ରେଣୀ
ଅୟାମିଟି ଇନ୍ଟାରନ୍ୟାଶନାଲ ସ୍କୁଲ, ନୟାଡା

ସୁର୍ୟର ନାନାନ୍ ତଥ୍ୟ

କଥନୋ ଆପନାଦେର ଜାନତେ ଇଚ୍ଛେ କରେ ସୁର୍ୟର ଲୁକିଯେ ଥାକା ରହସ୍ୟଗୁଲୋର କଥା? ଆଜ ଠିକ କରେଛି, ସୁର୍ୟ ସମ୍ପର୍କେ କିଛୁ ତଥ୍ୟ ଜାନାବୋ । ସୁର୍ୟର ଭର, ସୌରଜଗତେର ମୋଟ ଭରର ପ୍ରାୟ ୧୯.୮୬ ପାରସେଟ ଏବଂ ଏର ବସନ୍ତ ପ୍ରାୟ ୪.୬ ବିଲିଯନ ବରର । ଏଟି ଏକଟି ଗ୍ୟାସେର ବଳ ଯାର ତାପମାତ୍ରା ପ୍ରାୟ ୧୦,୦୦୦ ଡିଗ୍ରି ଫାରେନହାଇଟ (୫,୫୦୦



সূর্যের অন্দরের কাঞ্চনিক চিত্র

ডিগ্রি সেলসিয়াস)। কিন্তু এর মূল তাপমাত্রা কখনো কখনো ২৭ মিলিয়ন ডিগ্রি ফারেনহাইট (১৫ মিলিয়ন ডিগ্রি সেলসিয়াস) পর্যন্ত পৌঁছে যেতে পারে। কোনদিন যদি এই গ্যাস গলে তরল হয়ে যায় তবে অক্ষের হিসাবমতো ১৩ লক্ষ পৃথিবী তার মধ্যে স্থান পাবে! কিন্তু পৃথিবী তো কঠিন গোলোক তাই হিসাব ওরকম হলেও আসলে ৯,৬০,০০০ পৃথিবী সেই তরলের মধ্যে জায়গা পেতে পারে। ব্যাপারটা ভাবতেই গা-য়ে কাঁটা দেয়, না?... সত্যিই সূর্যের রহস্যের শেষ নেই।

আরিক বসু
নবম শ্রেণী
ডলবসকো স্কুল, নিউ দিল্লি



আহেলি মুখার্জি ষষ্ঠ শ্রেণী, এ এস এন সিনিয়র সেকেণ্ডারি স্কুল

প্রতি মাসের অ্যাসোসিয়েশন সংবাদের সঙ্গে থাকছে ছোটদের পাতা
অংশ নেবে স্কুলের বাচ্চারা।

- ১) যে কোনো বিষয়ের উপর ছবি আঁকো আর ছবি তুলে পাঠিয়ে দাও।
- ২) যে কোনও বিষয়ে বাংলা বা ইংরেজি অক্ষরে (রোমান ক্রিপ্টে) বাংলা ভাষায় ৩০০ শব্দের
মধ্যে গল্প লেখো আর পাঠিয়ে দাও।

ইমেলে পাঠাও : bengalassociation1819@gmail.com-এ

সাবজেক্টে লেখো : ছোটদের পাতা (মাসের নাম)। [যে মাসে পাঠাবে তার পরের মাসের নাম লিখবে] লেখা বা আঁকা পাঠাবে মাসের ৩০ তারিখের মধ্যে। সঙ্গে লেখো নিজের নাম, ক্লাস এবং স্কুলের নাম নির্বাচিত সর্বাধিক দুটি লেখা এবং চারটি ছবি প্রকাশিত হবে পরের মাসের অ্যাসোসিয়েশন সংবাদে



মদনপুর খাদার অঞ্চলে প্রাতিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।
স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্ত দান করুন।


A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION,
PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR
'ANKUR' OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR
FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE
THEM WINGS TO REACH THE SKY TOMORROW!



PLEASE SCAN THE QR CODE IF YOU WISH
TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE.
IN ORDER TO OBTAIN A RECEIPT
PLEASE SHOW THE SCREEN SHOT
OF THE TRANSACTION AT
BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.

FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989

REGISTRATION No. 1295
of 1958-1959 UNDER SECTION 80G.
PAN: AAAAB0105G





বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্যতা নেবার পর আপনার
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
+91 7303400554
ইমেলঃ
bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com